# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**18 JUNE 2025** **7:45—7:55 PM IST**

==================================================

১) দেশে নির্বাচনী ব্যবস্থার সু-পরিচালনার জন্য নির্বাচন কমিশনের ২৩টি নতুন পদক্ষেপ গ্রহণ ।

২) রাজ্যে আরো ৪শো জন চিকিৎসা ও স্বাস্থ্য আধিকারিকের নিযুক্তি প্রদান ।

৩) আসাম চুক্তির ৬ নম্বর দফা রূপায়নের জন্য গঠিত উপ-সমিতির আগামী ৮ আগষ্টের পূর্বে মুখ্যমন্ত্রীকে চূড়ান্ত প্রতিবেদন দাখিলের সিদ্ধান্ত ।

এবং

৪) শিলচর-কালাইন পূর্ত সড়কের ভাঙ্গারপার অঞ্চলের হারাং নদীর উপরের সেতুটি গতরাত্রে দুটি মালবোঝাই ট্রাক সহ নদীতে ভেঙ্গে পড়ে ।

---

নির্বাচন কমিশন সমগ্র দশে নির্বাচনী ব্যবস্থার সু-পরিচালনার জন্য ২৩টি নতুন পদক্ষেপ গ্রহণ করেছে । মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারের নির্দেশ মর্মে আজ দিশপুরের রাজ্য নির্বাচন আধিকারিকের সম্মেলন কক্ষে আয়োজিত এক বিশেষ অনুষ্ঠানে নির্বাচন কমিশনের যুগ্ম সঞ্চালক অনুজ চন্দ এবং সহকারী সঞ্চালক অপূর্ব কুমার এই নতুন পদক্ষেপগুলি সাংবাদিকদের জানান । এই অনুসারে এখন থেকে সব ভোট গ্রহণ কেন্দ্রে ভোটদাতাদের মোবাইল ফোন রাখার ব্যবস্থা থাকবে । দ্বিতীয়ত কোন একটি ভোটগ্রহণ কেন্দ্রে ভোটদাতাদের সংখ্যা ১ হাজার ২শোর বেশি হবে না । মৃত ভোটদাতাদের তথ্য ভারতের মহাপঞ্জীয়কের তথ্য ভান্ডারের সঙ্গে যুক্ত করে তা খতিয়ে দেখা হবে । এছাড়া মহানগরীগুলির বহুতল আবাসিক এলাকাগুলিতেও ভোটগ্রহণ কেন্দ্র স্থাপন করা হবে ।

একই সঙ্গে ই সি আই নেট নামের ওয়েবসাইট এবং এ্যাপে সব তথ্য একত্রিত করার ব্যবস্থা করা হয়েছে । উভয় আধিকারিকই ২০২৬ সালের আসাম বিধানসভা নির্বাচনের পূর্বে ভোটদাতাদের সচেতনতা বৃদ্ধি এবং নির্বাচন প্রক্রিয়া সম্পর্কে সঠিক তথ্য জনসাধারণের কাছে নিয়ে যাওয়ার জন্য আকাশবাণী ও দূরদর্শন সহ সব সংবাদমাধ্যমকে সহযোগিতা করার আহ্বান জানিয়েছেন ।

---------------------------------------------------------------------------------------

আসাম সরকার ৪শো জন চিকিৎসা ও স্বাস্থ্য আধিকারিককে আজ নিযুক্তিপত্র প্রদান করেছে । তৃণমূল পর্যায় থেকে মানসম্পন্ন স্বাস্থ্য সেবা প্রদানের প্রচেষ্টার অংশ হিসেবে এই নিযুক্তিপত্র প্রদান করা হয়েছে । এই উপলক্ষে গৌহাটি মেডিকেল কলেজ ও হাসপাতাল প্রেক্ষাগৃহে আয়োজিত কার্যসূচিতে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা বলেন যে এর মাধ্যমে নবনিযুক্ত আধিকারিকদের সরকারী চাকুরী লাভের স্বপ্ন বাস্তবায়িত হওয়া ছাড়াও উন্নত স্বাস্থ্য সেবা প্রদানেও সহায়ক হবে । গত কয়েক বছরে স্বাস্থ্য সেবার ক্ষেত্রে লাভ করা সাফল্য হিসেবে প্রসূতি মা ও নবজাতকের মৃত্যুর হার হ্রাস পেয়েছে বলে ডক্টর শর্মা উল্লেখ করেন । রাজ্যের স্বাস্থ্য ক্ষেত্রের রূপান্তরের যাত্রা এগিয়ে চলেছে বলে উল্লেখ করে তিনি বলেন যে ২০২৯ সালের মধ্যে আসামে আরো ৩০টি মেডিকেল কলেজ স্থাপন করে রাজ্যের চিকিৎসা ও স্বাস্থ্য সেবা আরো শক্তিশালী করে তোলার লক্ষ্য নির্ধারণ করা হয়েছে । তিনি বলেন যে রাজ্যে ৬টি মেডিকেল কলেজ থেকে ১৩টিতে বৃদ্ধি পাওয়ার ফলে সুলভ হারে স্বাস্থ্য সেবা প্রদানের পরিসর আরো বৃদ্ধি পেয়েছে । মুখ্যমন্ত্রী আধুনিক প্রযুক্তির সঙ্গে পরিচিত হয়ে চিকিৎসা সেবা প্রদান করতে নবনিযুক্ত চিকিৎসকদের প্রতি আহ্বান জানান । গ্রামীন স্বাস্থ্য ব্যবস্থাকে আরো সম্প্রসারিত করতে সরকার দৃঢ় পদক্ষেপ গ্রহণ করেছে বলে উল্লেখ করে মুখ্যমন্ত্রী জানান যে রাজ্যের উপ-স্বাস্থ্য কেন্দ্রগুলিতে ৪ হাজার নার্সের নিযুক্তি প্রদান করা হবে । আজকের অনুষ্ঠানে রাজ্যের স্বাস্থ্য ও পরিবার পল্যাণ মন্ত্রী অশোক সিংহল উপস্থিত ছিলেন । উল্লেখ্য যে রাজ্য সরকার গত ৫ জুন পর্যন্ত ১ লক্ষ ২০ হাজার ৩শো ৫৯ জন চিকিৎসা ও স্বাস্থ্য আধিকারিককে নিযুক্তি প্রদান করেছে ।

---------------------------------------------------------------------------------------

আসাম চুক্তির ৬ নম্বর দফা রূপায়নের জন্য গঠিত উপ-সমিতি চলতি বছরের ৮ আগষ্টের আগে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মার কাছে চূড়ান্ত প্রতিবেদন দাখিল করবে । আজ গৌহাটির জনতা ভবণে আসাম চুক্তি রূপায়ন উপ-সমিতির ষষ্ঠ বৈঠকে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে । আসাম চুক্তি রূপায়ণ মন্ত্রী অতুল বরার উপস্থিতিতে সারা আসাম ছাত্র সংস্থা এবং আসাম চুক্তি রূপায়ণ বিভাগের আধিকারিকদের মধ্যে এই

বৈঠক অনুষ্ঠিত হয় । বৈঠকে ৬ নম্বর দফা সম্পর্কে আবসরপ্রাপ্ত বিচারপতি বিপ্লব কুমার শর্মা সমিতির প্রদান করা ৩৯টি পরামর্শর সঙ্গে যুক্ত বিভিন্ন কাজ-কর্মের অগ্রগতির খতিয়ান তুলে ধরা হয় ।

-----------------------------------------------------------------------------------

আসামের মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা শিবসাগরের ভাটিয়ারপারের ও এন জি সি থেকে গ্যাস নির্গমন সম্পর্কে কেন্দ্রীয় পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস দপ্তরের মন্ত্রী হরদীপ সিং পুরীর কাছে একটি চিঠি পাঠিয়েছেন । ডঃ শর্মা পরিস্থিতির অবনতি রোধ করার জন্য ও এন জি সি'কে যুদ্ধকালীন তৎপরতায় গ্যাস নির্গমন নিয়ন্ত্রণের প্রচেষ্টা গ্রহণ করার নির্দেশ দিতে এই চিঠির মাধ্যমে অনুরোধ জানিয়েছেন । তিনি একইসঙ্গে স্বাভাবিক অবস্থা ফিরিয়ে আনার জন্য ও এন জি সি'র অধিক সক্রিয়তার সঙ্গে ব্যবস্থা গ্রহণের প্রয়োজন রয়েছে বলে মত পোষণ করেছেন । রাজ্য সরকার এই দুর্ঘটনায় প্রভাবিত লোকেদের সবধরণের সাহায্য প্রদান করেছে বলে মন্তব্য করেছেন ।

তেল ও প্রাকৃতিক গ্যাস নিগম- ও এন জি সি, শিবসাগর জেলার রুদ্রসাগর তেলক্ষেত্রে গ্যাস নির্গমন রোধ করার জন্য দেশ-বিদেশের বিশেষজ্ঞদের পরামর্শ অনুযায়ী কাজ করছে । তবে পরিস্থিতি এখনও নিয়ন্ত্রণে আসেনি । প্রতিষ্ঠানটি গ্যাস নির্গমন হওয়া ১৪৭ নম্বর রিগ'এর খননের দায়িত্বে থাকা এস কে পেট্রো নামের বেসরকারী ক্ষেত্রের কোম্পানীটির বিরুদ্ধে নিজেরাই তদন্ত আরম্ভ করেছে ।

-----------------------------------------------------------------------------------

আসাম ও মেঘালয়ে আজ এবং আগামীকাল রেড এলার্ট জারী করা হয়েছে । ভারতীয় আবহাওয়া বিজ্ঞান বিভাগ এই দুদিন এই দুটি রাজ্যে বজ্রপাত সহ ভারী বৃষ্টিপাত হওয়ার সম্ভাবনা প্রকাশ করার পরিপ্রেক্ষিতে স্বরাষ্ট্র মন্ত্রনালয় এই সতর্কতা জারী করেছে । মন্ত্রনালয় জনসাধারণের সুরক্ষা নিশ্চিত করতে রাজ্য সরকারকে নির্দেশ দিয়েছে । আসাম রাজ্য দূর্যোগ মোকাবিলা কর্তপক্ষ এই সময় ধ্বস এবং বন্য প্রবন এলাকা গুলির বাসিন্দাদের সতর্ক থকার আহ্বাব জানিয়েছে ।

-----------------------------------------------------------------------------------

শিলচর-কালাইন পূর্ত সড়কের ভাঙ্গারপার অঞ্চলের হারাং নদীর উপরের সেতুটি গতরাত্রে দুটি মালবোঝাই ট্রাক সহ নদীতে ভেঙে পড়ে । গতরাত প্রায় দেড়টা নাগাদ এই ঘটনাটি সংঘটিত হয় । সেতুটি আচমকা ভেঙে পড়ায় জনসাধারণের মধ্যে তীব্র চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে । এই পরিস্থিতিতে ঘটনাস্থলীতে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করে তোলা হয়েছে । এদিকে সেতুটি ভেঙে পড়ার ফলে গুয়াহাটি থেকে শিলচর,

হাইলাকান্দি, শ্রীভূমি, ত্রিপুরা এবং মিজোরাম পর্যন্ত সড়কের সংযোগ বিচ্ছিন্ন হয়ে পড়েছে । বদরপুর ঘাটের গ্যামন সেতুটি সংস্কারের জন্য চলাচল বন্ধ থাকার পরিস্থিতিতে শিলচর থেকে কালাইনের সঙ্গে সংযোগকারী একমাত্র বিকল্প এই সড়কটিও বন্ধ হয়ে পড়ায় জনসাধারণের দুর্ভোগ চরমে উঠেছে ।

এই বিষয়ে কাছাড়ের জেলা আয়ুক্ত মৃদুল যাদব জানিয়েছেন-

বাইট

--------

জেলার পুলিশ সুপার নোমাল মাহাত্তা জানান-

বাইট

----------------------------------------------------------------------------------

মেঘালয় সরকার রঘুবংশী হত্যাকান্ডের পরিপ্রেক্ষিতে ঐ রাজ্যের হোমস্টে, রিসোর্ট এবং অতিথিশালার পরিচালকদের বাধ্যতামূলকভাবে সকল পর্যটকদের নাম পঞ্জীয়ন করার নির্দেশ দিয়েছে । রাজ্যের পর্যটন মন্ত্রী পোল লিংডো বলেছেন যে- সরকার থাকা-খাওয়ার সুবিধা থাকা সবকটি প্রতিষ্ঠানকে তাদের অতিথিদের নাম পর্যটন এ্যাপ'এর মাধ্যমে পঞ্জীয়ন বাধ্যতামূলক করার বিষয়টি সুনিশ্চিত করবে । উল্লেখ্য- রাজ্য সরকার নিজে গাড়ি চালনা উপভোগ করতে চাওয়া পর্যটকদের সম্প্রতি বাহন ভাড়া দেওয়া বন্ধ করে দিয়েছে । এছাড়া রাজ্য সরকার অপরাধ নিয়ন্ত্রণের ব্যবস্থা আরো সুদৃঢ় করার উদ্দেশ্যে মেঘালয়ের আবাসিক ও নিরাপত্তা আইনটি পুর্নবিবেচনা করার সিদ্ধান্ত গ্রহণ করেছে ।

----------------------------------------------------------------------------------

অসম লোকসেবার ২০২৪ ব্যাচের আধিকারীক দীপা দাস আজ আনুষ্ঠানিকভাবে বরাক উপত্যকার তথ্য ও জনসংযোগ বিভাগের শিলচরের আঞ্চলিক কার্য্যালয়ের ভারপ্রাপ্ত উপ-সঞ্চালক হিসেবে দায়িত্বভার গ্রহন করেন । তিনি বহ্নিকা চেতিয়ার স্থলাভিষিক্ত হয়েছেন । শ্রীমতি দাস এছাড়াও স্বাস্থ্য , কৃষি , পশুপালন ,মৎস্য , পশু চিকিৎসা বিভাগের প্রশাসনিক আধিকারিক হিসেবেও কাজ করবেন ।

----------------------------------------------------------------------------------

শ্রীভূমির জেলা আয়ুক্ত এক বিজ্ঞপ্তিতে রাজ্য সরকারের রাজনৈতিক বিভাগ থেকে গত ১৪ই এপ্রিলের জারী করা বিজ্ঞপ্তী অনুসারে জেলার প্রতিটি সরকারী কার্য্যলয়ে ইংরেজী ভাষার পাশাপাশি বাংলা ভাষার ব্যবহার বাধ্যতামূলক করেছেন । বিজ্ঞপ্তীতে আসাম সরকারের সব কার্য্যলয় প্রধানদের ইংরেজী ভাষার পাশাপাশি বাংলা ভাষাতেও সরকারী বিজ্ঞপ্তী , দাপ্তরিক স্মারক জারী করতে অনুরোধ করা হয়েছে ।

-----------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলায় আগামী চার ও পাঁচই জুলাই আন্ত:বিদ্যালয় প্রতিযোগীতা অনুষ্ঠিত হবে । জেলা ক্রীড়া আধিকারীক জানিয়েছেন যে জেলা ক্রীড়া সংস্থার খেলার মাঠে এই প্রতিযোগীতা অনুষ্ঠিত হবে । এতে ১৫ অনুর্ধ ছেলে এবং ১৭ অনুর্ধ ছেলে ও মেয়েরা অংশগ্রহন করতে পারবে । প্রতিযোগীতায় অংশ গ্রহনের জন্য খেলোয়াড়দের জেলার স্বাস্থ্য যুগ্ম-সঞ্চালকের প্রদান করা জন্মের প্রমান পত্র জমা করতে হবে । আগামী ২৫শে জুনের মধ্যে নাম নথিভুক্ত করতে হবে । বিশদে জানার জন্য ৭০০২৬৪০৮৪০ নম্বরে যোগাযোগ করা যেতে পারে ।

-----------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলার সব সরকারী কার্য্যলয়ে ইংরেজী ভাষার পাশাপাশি বাংলা ভাষার ব্যবহার করতে নির্দেশ দেওয়া হয়েছে । জেলা আয়ুক্ত নির্সাগ হিভারে গৌতম আজ এক নির্দেশ জারী করে জেলার সব বিভাগীয় প্রধানদের সরকারী বিজ্ঞপ্তী , আদেশনামা ইংরেজীর পাশাপাশি বাংলায় করতে নির্দেশ দিয়েছেন । উল্লেখ্য আসাম সরকার কার্য্যলয়গুলিতে দ্বি-ভাষিক কাজ চালানোর যে নীতি গ্রহন করেছেন তার প্ররিপ্রেক্ষিতে হাইলাকান্দিতে এই নির্দেশ দেওয়া হয়েছে ।

-----------------------------------------------------------------------------------